তারিখ 14 JUN 2016
পৃষ্ঠা ৩ কলাম ২

কালের কণ্ঠ

### ত্রয়োদশ শিক্ষক নিবন্ধনী

# প্রিলিমিনারিতে পাসের হার ২৭.৯০ শতাংশ

নিজস্ব প্রতিবেদক ▷

ত্রয়োদশ শিক্ষক নিবন্ধন পরীক্ষার প্রিলিমিনারির ফল গতকাল সোমবার প্রকাশিত হয়েছে। দুপুর আড়াইটা থেকে এ ফল জানতে পারছে পরীক্ষার্থীরা। বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষের (এনটিআরসিএ) ওয়েবসাইট থেকে ফল জানা যাবে। এ ছাড়া কৃতকার্য প্রার্থীদের টেলিটক থেকে এসএমএসের মাধ্যমেও ফল জানিয়ে দেওয়া হয়েছে।

এনটিআরসিএ বিজ্ঞপ্তিতে জানায়, প্রিলিমিনারিতে গড় পাসের হার ২৭.৯০ শতাংশ। তিন ক্যাটাগরিতে মোট ছয় লাখ দুই হাজার ৩৩ জন প্রার্থী ত্রয়োদশ নিবন্ধনের জন্য আবেদন করেন। এর মধ্যে স্কুলপর্যায়ে আবেদন করেন তিন লাখ ছয় হাজার ৪৮৪ জন, যাঁদের মধ্যে পাস করেন ৯০ হাজার ৯৪৪ জন। পাসের হার ২৯.৬৭ শতাংশ। স্কুল-২ পর্যায়ে ২৩ হাজার ১৮১ জন আবেদনকারীর মধ্যে পাস করেন ৬২০ জন। পাসের হার ৩.২২ শতাংশ। কলেজ পর্যায়ে দুই লাখ ২৭ হাজার ৭৮৬ জন আবেদনকারীর মধ্যে পাস করেছেন ৫৫ হাজার ৬৯৮ জন। পাসের হার ২৭.৫৭ শতাংশ। জানা যায়, উত্তীর্ণ প্রার্থীদের এরপর বসতে হবে লিখিত পরীক্ষায়। সর্বশেষ মৌখিক পরীক্ষা শেষে নিবন্ধনে উত্তীর্ণ প্রার্থীদের চূড়ান্ত তালিকা প্রকাশ করা হবে।